

## জেলার মন্ত্রীর অভিযোগ খুলনা বিশ্ববিদ্যালয়ে কর্মকর্তা-কর্মচারীর সংখ্যা প্রয়োজনের তিন গুণ বেশি

খুলনা থেকে নিজস্ব বার্তা পরিবেশক :  
খুলনা জেলার দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী ও  
মুক্তিযোদ্ধা বিষয়ক প্রতিমন্ত্রী রেদওয়ান  
আহমেদ যেন হাটে হাঁড়ি ভেঙে দিয়ে  
বললেন, খুলনা বিশ্ববিদ্যালয়ে কর্মকর্তা-  
কর্মচারীর সংখ্যা রয়েছে প্রয়োজনের  
তুলনায় তিন গুণ বেশি। এ মাথাভাঙ্গি  
প্রশাসন দিয়ে একটি ভাল বিশ্ববিদ্যালয়  
যায় না বলেও তিনি মন্তব্য করেন।

খুলনা বিশ্ববিদ্যালয় দিবস পালনের  
উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বেগম খালেদা  
জিয়ার উপস্থিতিতে রোববার বিশেষ  
অভিধির ভাষণ দিতে গিয়ে রেদওয়ান  
আহমেদ আরও বলেন, বিশ্ববিদ্যালয়  
কর্তৃপক্ষ সবসময় সরকারি অর্থ বরাদ্দের  
দাবি করে থাকেন। কিন্তু এটাও বিবেচনা  
করতে হবে ছাত্র-শিক্ষকের প্রয়োজনের  
তুলনায় তিন গুণ বেশি, কর্মকর্তা-কর্মচারীর  
বেতন-ভাতা কোথা থেকে আসবে।

উল্লেখ্য, খুলনা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার  
পর থেকে এ পর্যন্ত নানারকম রাজনৈতিক  
তদবির ও দলীয় লোকহানকে কর্মকর্তা-  
কর্মচারী হিসেবে নিয়োগ দেয়ার অভিযোগ  
রয়েছে। এ ধরনের নিয়োগের ফলে একটি  
বেশি : পৃঃ ২ কঃ ২

বেশি : তিন গুণ  
( ১২-এর পৃষ্ঠার পর )

মাথাভাঙ্গি প্রশাসন সৃষ্টি হয়েছে।  
শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক তার  
বক্তব্যেও রেদওয়ান আহমেদের অভিযোগ  
সমর্থন করে বলেন, বাংলাদেশের সরকারি  
বিশ্ববিদ্যালয়গুলোতে যে সরকারি বরাদ্দ  
দেয়া হয় তার ৯০% ব্যয় হয় কর্মকর্তা-  
কর্মচারীর বেতন-ভাতা বা প্রশাসনিক  
কাজে। মাত্র ১০% অর্থ ব্যয় হয় শিক্ষার  
উন্নয়নে। অথচ বিদেশে সরকারি অনুদানের  
৪০% ব্যয় করা হয় শিক্ষার উন্নয়নে। তিনি  
এ বিষয়টি বিবেচনায় রাখার আহ্বান  
জানান।